

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৬২

১৪/ ক্রয় বিক্রয় অব্যুক্তি (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুকতাবের নিকট যদি আদায় করার মত কেন কিছু থাকে।

بَابٌ مَا جَاءَ فِي الْمُكَاتَبِ إِذَا كَانَ عِنْدَهُ مَا يُؤْدِي

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ الْبَزَازُ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ، عَنْ أَئْبُوبَ، عَنْ عِكْرِمَةَ، عَنْ أَبْنِ عَبَّاسٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِذَا أَصَابَ الْمُكَاتَبُ حَدًّا أَوْ مِيرَاثًا وَرِثَ بِحِسَابِ مَا عَتَقَ مِنْهُ". وَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "يُؤْدِي الْمُكَاتَبُ بِحِصَةٍ مَا أَدَى دِيَةً حُرًّا وَمَا بَقِيَ دِيَةً عَبْدٍ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبْنِ عَبَّاسٍ حَدِيثُ حَسَنٍ . وَهَذَا رَوَى يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ عِكْرِمَةَ عَنِ أَبْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَرَوَى خَالِدُ الْحَنَّاءُ عَنْ عِكْرِمَةَ عَنْ عَلَيِّ قَوْلَهُ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَغَيْرِهِمْ . وَقَالَ أَكْثُرُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَغَيْرِهِمُ الْمُكَاتَبُ عَبْدٌ مَا بَقِيَ عَلَيْهِ دِرْهَمٌ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১২৬২. হারুন ইবনু অব্দুল্লাহ্ বায়বায (রহঃ) ..... ইবনু আব্রাহাম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন। কোন মুকাতাব দাসের যদি রক্তপণের অর্থ বা উত্তরাধিকারী হওয়ার মত কোন কিছু থাকে তবে আয়াদ হওয়ার হার অনুসারে সে ঐ বস্তুর ওয়ারিছ ও মালিক হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মুকাতাব তার চুক্তির যতটুকু পরিমাণ আদায় করেছে সে পরিমাণ অনুসারে স্বাধীন ব্যক্তির দিয়াত (রক্তপাণ) এবং যে পরিমাণ বাকী রয়েছে সে পরিমাণ অনুসারে গোলামের দিয়াত আদায় করবে। - ইরওয়া ১৭২৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্রাহাম রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান। ইয়াহইয়া ইবনু আবু কাছীর (রহঃ)-ও এটিকে ইকরিমা-ইবনু

আবরাস রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। খালিদ হায়া (রহঃ) এটিকে ইকরিমার বরাতে আলী রাদিয়াল্লাহু আনহু-এর বক্তব্য হিসাবে বর্ণনা করেছেন।

কতক সাহাবী ও অপরাপর আলিমগণ এতদনুসরে অভিমত প্রদান করেছেন। অধিকাংশ সাহাবী ও অপরাপর আলিমগণের অভিমত হলো, একটি দিরহাম অবশিষ্ট থাকা পর্যন্তও মুকাতাব দাস বলে গণ্য। এ হলো ইমাম, সুফিয়ান ছাওরী, শাফিউল্লাহ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

## English

Narrated Ibn 'Abbas:

That the Prophet (ﷺ) said: "When the penalty (of blood money) goes to a Mukatab, or an inheritance, then he inherits in accordance with as much as he is freed from it." And the Prophet (ﷺ) said: "The Mukatab is given the blood-money of a free person in accordance to what he has paid (for his freedom), and that of a slave in accordance to what remains."

[He said:] There is something on this from Umm Salamah.

[Abu 'Eisa said:] The Hadith of Ibn 'Abbas is a Hasan Hadith. This is how it was reported from Yahya bin Abi Kathir from 'Ikrimah, from Ibn 'Abbas, from the Prophet (ﷺ).

Khalid bin Al-Hadh-dha' reported it from 'Ikrimah, from 'Ali as his saying.

This is acted upon according to some of the people of knowledge among the Companions of the Prophet (ﷺ) and others.

Most of the people of knowledge among the Companions of the Prophet (ﷺ) and others said that the Mukatab remains a slave as long as he still owes a Dirham. This is the view of Sufyan Ath-Thawri, Ash-Shafi'i, Ahmad, and Ishaq.

## ফুটনোট

\*\* যে দাস কিছু বিনিময়ের মাধ্যমে মালিকের সঙ্গে আযাদ হওয়ার চুক্তি করে সে দাসকে 'মুকাতাব' বলা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীকৃত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21638>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন